পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ
১।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	০১ টি	০১ টি	-	-	০১টি	০১টি	৫০%	০১টি	১৪.৯১%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০১টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মোয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	প্রকৃত বাস্তবায়নকাল
ডাটা কনভারশন, মেটাডাটা প্রিপারেশন, প্রিজারভেশন এন্ড টাইম সিরিজ ডাটা কম্পাইলেশন প্রকল্প (Data conversion, Metadata preparation, Preservation & Time series data compilation (DCMPT) project)	৯২৬.৫৭	জুলাই, ২০১৭ থেকে ৩০ জুন, ২০২০

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
ডাটা কনভারশন, মেটাডাটা প্রিপারেশন, প্রিজারভেশন এন্ড টাইম সিরিজ ডাটা কম্পাইলেশন প্রকল্প (Data conversion, Metadata preparation, Preservation & Time series data compilation (DCMPT) project)	ASCII Format বা টেক্স ফরমেটে ডাটা কনভার্ট করার কাজটি সম্পূর্ণ মেশিন নির্ভর। কিন্তু এ উপাত্তের মেটাডাটা বা Structure তৈরী করা একটি দুরুহ কাজ যা বিশেষজ্ঞের সহায়তা ছাড়া কোনভাবেই সম্ভব নয়। এটি একটি সময় ক্ষেপনকারী কার্যক্রম বটে। ৮৬০০টি টেপের মধ্যে অধিক সংখ্যক টেপ একাধিকবার পড়ানো হয়েছে। Structure এ ফিট করার জন্য COBOL প্রোগ্রামিং জ্ঞান সম্মত অভিজ্ঞ জনবল ব্যবহার করা হয়েছে। এক্ষেত্রে সময় ও অর্থ দুটি প্রয়োজন ছিল। ডাটার গুনগত মান ঠিক রেখে প্রকল্পটি সাফল্যজনকভাবে সম্পন্ন করার জন্য ০১ (এক) বছর বৃদ্ধি করা হয়।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
Census & Survey Metabase (Metadata+Database = Metabase) এপ্লিকেশন ও ওরাকল ডাটাবেইজসহ একটি আধুনিক সফ্টওয়ার তৈরী করা হয়েছে।"data.bbs.gov.bd" পোর্টাল নামে বিবিএস domain এ সচল আছে। স্বাধীনতার পর হতে ১৯৯৯ সাল পর্যন্ত মাইক্রো ডাটাসেট, মেটাডাটা ও ডকুমেন্টগুলি ডাটবেজ-এ সংরক্ষণ করে ব্রাউজিং সুবিধা সিস্টেমে দেওয়া আছে;	প্রকল্পের মাধ্যমে মেটাবেজ সফ্টওয়ারে শুধুমাত্র ১৯৭৪ সাল হতে ১৯৯৯ সাল পর্যন্ত ডাটা অন্তর্ভুক্তি আছে। ২০০০ সাল পরবর্তী ডাটাসমূহ অবশ্যই বিবিএস data portal-এ অন্তর্ভুক্ত করা উচিত। তাই ঐ কাজে বিবিএস থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে;

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
ডিপিপি অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর ১২৫ জন কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রস্তুতকৃত সফটওয়ারগুলি পরিচালনা ও ব্যবহারের জন্য স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরিসংখ্যানগত তথ্য উপাত্ত (মাইক্রোডাটা ও মেটাডাটা) এনালাইসিস এর জন্য প্রশিক্ষণের ধারাবাহিকতা বজায় রাখা প্রয়োজন;	আলোচ্য প্রকল্পের উল্লিখিত কার্যক্রমসমূহ টেকসই করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার উইং-এর একটি নিয়মিত কাজ হিসেবে অন্তর্ভুক্ত করা সমীচীন হবে। প্রয়োজনবোধে প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে কম্পিউটার উইং-এ একটি সেল গঠন করা যেতে পারে। এতে করে কর্মকর্তাগণ প্রকল্পের আওতায় প্রাপ্ত প্রশিক্ষণ কাজে লাগিয়ে দক্ষ জনশক্তি হিসেবে ভূমিকা পালন করতে সক্ষম হবে মর্মে আশা করা যায়;

ডাটা কনভারশন, মেটাডাটা প্রিপারেশন, প্রিজারভেশন এন্ড টাইম সিরিজ ডাটা কম্পাইলেশন শীর্ষক প্রকল্পের

সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০২০)

১. প্রকল্পের নাম : ডাটা কনভারশন, মেটাডাটা প্রিপারেশন, প্রিজারভেশন এন্ড টাইম সিরিজ ডাটা কম্পাইলেশন প্রকল্প (Data conversion, Metadata preparation, Preservation & Time series data compilation (DCMPT) project)"।

২. উদ্যোগী মন্ত্রণালয় : পরিকল্পনা মন্ত্রণালয়/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।

৪. প্রকল্প এলাকা : ঢাকা ও যশোর।

(লক্ষ টাকায়)

৫. **প্রাক্কলিত ব্যয়** :	**মোট**	**টাকা**	**প্রকল্প সাহায্য**	**হ্রাস/বৃদ্ধি**
৫.১ মূল :	৮০৬.৭০	৮০৬.৭০	-	-
৫.২ ১ম সংশোধিত অনুমোদিত :	৯২৭.০০	৯২৭.০০	-	১২০.০০
৫.৩ ২য় সংশোধিত অনুমোদিত :	-	-	-	-

৬. **বাস্তবায়নকাল** :	**আরম্ভ**	**সমাপ্তি**
৬.১) মূল অনুমোদিত :	জুলাই, ২০১৭	৩০ জুন, ২০১৯
৬.২) ১ম সংশোধিত অনুমোদিত :	জুলাই, ২০১৭	৩০ জুন, ২০২০

৭. **সাধারণ পর্যবেক্ষণ :**

৭.১ **পটভূমি :** পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সরকারের সার্বিক পরিকল্পনার ক্ষেত্রে প্রয়োজনীয় পরিসংখ্যান প্রদান করে থাকে। জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) এর একটি গোলের সাথে ডাটা সংরক্ষণ, বিতরণ, ডাটা শেয়ারিং এবং পরিসংখ্যান ব্যবহারকারী অংশীজনদের প্রয়োজন অনুযায়ী সঠিক পরিসংখ্যান সরবরাহ করা অন্যতম একটি লক্ষ্য। স্বাধীনতার পর থেকে এ সকল ডাটা পরিকল্পনা উন্নয়নের সঠিক সিদ্ধান্তের জন্য গবেষণার কাজে বিশেষ ভূমিকা রাখবে। উন্নয়নের ধারাবাহিকতা জানতে time series ডাটা একটি দেশের জন্য অতীব গুরুত্বপূর্ণ। সরকারী এ সকল ডাটা open করা হলে ব্যক্তি পর্যায়ে, শিক্ষা প্রতিষ্ঠান ও NGO প্রতিনিধিগণ নানাবিধ গবেষণা করে জনগণের উন্নয়নের ক্ষেত্রে বিশেষ অবদান রাখবে।

৭.২ **উদ্দেশ্যঃ**

- বিবিএস প্রতিষ্ঠিত হওয়ার পর তথা স্বাধীনতার পর থেকে পরিচালিত শুমারি/ জরিপের মাইক্রো ডাটা পুনরুদ্ধার, যা OGD (open government data) ডাটাসেট হিসেবে পুণঃব্যবহার করা;
- পুনরুদ্ধারকৃত ডাটার তথ্য (metadata) তৈরি ও মূল্যায়ন;
- বিভিন্ন সময়ে/বছরে পরিচালিত শুমারি/ জরিপের Microdata সমূহ সময়ের ক্রমানুসারে (time series) সাজানো যাহা Big data preparation /analysis এ সহায়ক;
- Legacy ডাটা, বিভিন্ন সময়ের ও বর্তমান সময়ের তথ্যের সহিত তুলনামূলক ব্যাখা ও ফরমূলা নির্ধারণ;
- Comparative definition নির্ধারণ করা এবং সে অনুসারে তথ্য analysis;
- ভবিষ্যতের জন্য বৈজ্ঞানিক পদ্ধতিতে এ সকল মাইক্রোডাটা সংরক্ষণ করা; এবং

- ডিজিটাল LED Display (বাংলাদেশ, সার্ক ও ওয়ার্ল্ড পপুলেশন ক্লক প্রদর্শনা) স্থাপন।

৮. **অনুমোদন পর্যায় :**

৮.১ সরকার ও অংশিজনদের চাহিদা অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) স্বাধীনতার পর থেকে বিভিন্ন সময়ে উল্লেখযোগ্য সংখ্যক শুমারি ও জরিপ কার্যক্রম পরিচালনা করেছে। এ সকল শুমারি ও জরিপের মাইক্রোডাটা ৮৬০০টি IBM Mainframe tape সংরক্ষণ ছিল, তা থেকে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে শুমারি ও জরিপের মাইক্রোডাটা পুনরুদ্ধার করা হয়েছে এবং পরবর্তীতে মেটাডাটা তৈরী এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে সংরক্ষণ করা এ প্রকল্পের উল্লেখযোগ্য কাজ। এছাড়া বিবিএস এর সকল ডাটা নিরাপত্তার স্বার্থে যশোর পরিসংখ্যান অফিসে ডাটা প্রিজারভেশন করার বিষয়টি বিবেচনায় নিয়ে 'ডাটা কনভারশন মেটাডাটা প্রিপারেশন এন্ড টাইম সিরিজ ডাটা কম্পাইলেশন (ডিসিএমপিটি)" শীর্ষক প্রকল্পটি ৮০৬.৭০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৯ খ্রি. পর্যন্ত মেয়াদে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ০৩-০৪-২০১৮ খ্রি. তারিখে অনুমোদিত হয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক ১২-০৪-২০১৮ খ্রি. তারিখে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায় এবং ১২ এপ্রিল, ২০১৮ হতে প্রকল্পের কার্যক্রম শুরু হয়।

৮.২ **<u>প্রথম সংশোধন:</u>** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবানাধীন "ডাটা কনভারশন, মেটাডাটা প্রিপারেশন, প্রিজারভেশন এন্ড টাইম সিরিজ ডাটা কম্পাইলেশন (ডিসিএমপিটি)" প্রকল্পের ১১-১২-২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত ষ্টিয়ারিং কমিটির ২য় সভার গৃহীত সিদ্ধান্ত; ১৩-১২-২০১৮ খ্রি. তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটির সভার সিদ্ধান্ত; ১৮-০২-২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত ষ্টিয়ারিং কমিটির ৩য় সভার সিদ্ধান্ত এবং ১৮-০৩-২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রকল্পের ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য ১২০.৩০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির যৌক্তিক ব্যাখ্যা প্রদান করে মোট ৯২৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধি করে ১ম সংশোধন করা হয়। প্রকল্পটি ১ বছর বৃদ্ধি অর্থাৎ জুলাই, ২০১৭ হতে ৩০ জুন, ২০২০ খ্রি. সময়ে (১ম সংশোধনী) মাননীয় পরিকল্পনামন্ত্রী কর্তৃক ১৫-০৪-২০১৯ খ্রি. তারিখে অনুমোদিত হয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ১৮ এপ্রিল, ২০১৯ খ্রি. তারিখে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়।

৮.৩ **<u>প্রকল্প সংশোধনের কারণসমূহঃ</u>**

ASCII Formate বা টেক্স ফরমেটে ডাটা কনভার্ট করার কাজটি সম্পূর্ণ মেশিন নির্ভর। কিন্তু এ উপাত্তের মেটাডাটা বা Structure তৈরী করা একটি দুরুহ কাজ যা বিশেষজ্ঞের সহায়তা ছাড়া কোনভাবেই সম্ভব নয়। এটি একটি সময় ক্ষেপনকারী কার্যক্রম বটে। ৮৬০০টি টেপের মধ্যে অধিক সংখ্যক টেপ একাধিকবার পড়ানো হয়েছে। Structure এ ফিট করার জন্য COBOL প্রোগ্রামিং জ্ঞান সম্মত অভিজ্ঞ জনবল ব্যবহার করা হয়েছে। এক্ষেত্রে সময় ও অর্থ দুটি প্রয়োজন ছিল। ডাটার গুনগত মান ঠিক রেখে প্রকল্পটি সাফল্যজনকভাবে সম্পন্ন করার জন্য ০১ (এক) বছর বৃদ্ধি করা হয়।

৯. **প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি (মন্ত্রণালয় হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে) :**

(লক্ষ টাকায়)

ক্র নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী প্রক্কলন		জুন ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		চলতি অর্থ বছরের (২০১৯-২০২০) জুন, পর্যন্ত অগ্রগতি	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
৩২৪৪১০১	ভ্রমণ ব্যয়		৫.০০		৪.৯৯		২.৬৫
৩১১১৩২৭	অধিকাল ভাতা (সহায়ক জনবলের অতিরিক্ত কাজের ভাতা)		৯.৫৫		৯.৫৫		৪.৪৭

ক্র নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী প্রক্কলন		জুন ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		চলতি অর্থ বছরের (২০১৯-২০২০) জুন, পর্যন্ত অগ্রগতি	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
৩২১১১১৯	ডাক/ কুরিয়ার		০.৫০		০.৫০		০.২০
৩২১১১১৭	ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স/ব্যান্ড উইথ ভাড়া		৪.৪০		৪.৪০		০.১৩
৩২৪৩১০২	গ্যাস ও জ্বালানি খরচ		৬.৫০		৬.৪৯		৩.৫০
৩২৪৩১০১	পেট্রোল এন্ড লুব্রিকেন্ট		৪.০০		৪.০০		১.০০
৩২৫৫১০৫	অন্যান্য মনিহারি (স্টেশনারি সিল ও স্ট্যাম্প)		১২.০০		১২.০০		১.০৩
৩২১১১২৭	বই ও সাময়িকী (সার্ভে/সেন্সাস রিপোর্ট সংগ্রহ)		২.৩৫		২.৩৫		-
৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপন		৫.৯৫		৫.৯৪		১.৭০
৩২৩১৩০১	অভ্যন্তরীণ প্রশিক্ষণ (স্থানীয় প্রশিক্ষণ)		৭.২৫		৭.২৫		২.২৫
৩২১১১১১	সেমিনার/ওয়ার্কশপ		৯.০০		৮.৯৯		৫.৯৯
৩২১১১০৬	আপ্যায়ন		২.০০		২.০০		১.০০
৩২১১১০৯	শ্রমিক মজুরি		৪.৫৬		৪.৫৬		১.১৯
৩২৫৬১০২	রাসায়নিক (দ্রব্যাদি ক্রয় Tape cleaning chemical)		১৮.০০		১৮.০০		-
৩২৫৭২০৬	সম্মানী/পারিতোষিক/বিশেষ ব্যয়		১১২.৮২		১১২.৮২		৯০.১৫
৩১১১৩৩২	সম্মানী ভাতা (কমিটি মিটিং)		৭.১৮		৭.১৭		১.৯৩
৩২৫৬১০৩	ব্যবহার্য দ্রব্যাদি (অন্যান্য: রুম ডেকোরেসন /ইন্টিরিওর)		১০.০০		১০.০০		-
৩২৫৮১০৪	অফিস সরঞ্জামাদি (মেরামত ও সংরক্ষণ)		৬.০০		৬.০০		১.০০
৩২১১১৩৪	শ্রমিক মজুরি (অনিয়মিত)		০.৪৪		০.৪৪		০.৪৪
	মোট রাজস্ব ব্যয়		**২২৭.৫০**		**২২৭.৪৪**		**১১৮.৬৩**
(খ)	**মূলধনঃ সম্পদ সংগ্রহ**						
৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি (বায়োমেট্রিক একসেস কন্ট্রোল সিস্টেম; ডিজেল জেনারেটর (১০ KVA); সাইন্টিফিক ওভেন (স্পুল টেপ ব্যাকিং); স্পুল ডাটা টেপ ক্লিনার মেশিন; স্পুল ডাটা টেপ রিডার /ড্রাইভ মেশিন; বুক কপিয়ার মেশিন, C৩- S.E.A.R Relocatable (R.A.S.E.R) ডাটা প্রিজারভেশন সিস্টেম;ডিজিটাল LED ডাটা ডিসপ্লে ও পপুলেশন ক্লক;ইউপিএস (১০KVA অন লাইন)		৪৩৯.০০		৪৩৮.৭৩		২২৫.৯৬
৪১১২২০৪	টেলিকমিউনিকেশন ইকুপমেন্ট: লিকমিউনিকেশন ডিভাইস, ADSL		৬.৯৬		৬.৯৫		১.৯৯
৪১১২২০২	কম্পিউটার আনুষংগিক		৬৬.০৪		৬৬.০৪		-
৪১১৩৩০১	কম্পিউটার সফ্টওয়ার সেন্সাস ও সার্ভের ডাটাবেইজ (Big data) ইনপুট, বিভিন্ন শুমারি ও জরিপের মেটাবেইজ (Meta data + Database= Metabase) এবং ডাটা ট্রান্সফার এপ্লিকেশন, ক্যাপচারিং ও কনভারশন EBCDIC-ASCII এপ্লিকেশন)		১২৪.০০		১২৩.৯২		৬১.৯৪

ক্র নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী প্রক্কলন		জুন ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		চলতি অর্থ বছরের (২০১৯-২০২০) জুন, পর্যন্ত অগ্রগতি	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জাম		৪৮.০০		৪৮.০০		-
৪১১২৩০৫	অগ্নি নির্বাপক সিস্টেম		১৫.৫০		১৫.৫০		-
	মোট মূলধন =		**৬৯৯.৫০**		**৬৯৯.১৩**		**২৮৯.৮৯**
	সর্বমোট (রাজস্ব + মূলধন) =		**৯২৭.০০**		**৯২৬.৫৭ (৯৯.৯৫%)**		**৪০৮.৫৩ (৯৯.৯০)**

১০. উপরিউল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৯২৬.৫৭ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৯৯.৯৫% শতাংশ এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১১. **বছর ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি বিশ্লেষণ (কাঙ্খিত অগ্রগতি না হলে প্রকল্প পরিচালকের ব্যাখ্যা):**

অর্থ বছর	পরিকল্পিত লক্ষ্যমাত্রা	অগ্রগতি		মন্তব্য
	মূল ডিপিপি অনুযায়ী	এডিপি বরাদ্দ	ব্যয়	সংশোধিত ডিপিপি অনুয়ায়ী ব্যয় হয়েছে।
২০১৭-২০১৮	২৪.৩৫	২৪.৩৫	২৪.২৩	
২০১৮-২০১৯	৭১২.০০	৭১২.০০	৪৯৩.৮১	
২০১৯-২০২০	৪০৯.০০	৪০৯.০০	৪০৮.৫৩	
মোট:			৯২৬.৫৭	
প্রকল্প পরিচালকের ব্যাখ্যা:				

১২. **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ**

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরন (নিয়মিত/অতিরিক্ত)
জনাব চন্দ্র শেখর রায় প্রকল্প পরিচালক	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কম্পিউটার উইং, সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	১৭-০৪-২০১৮ হতে ৩০-০৬-২০২০ (পূর্ণ সময়)	অতিরিক্ত দায়িত্ব

১৩. **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারনঃ** ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় কোন অঙ্গের কাজ অসমাপ্ত নেই।

১৪. মূল্যায়ন পদ্ধতি প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে:

☐ প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

☐ পরিদর্শন প্রতিবেদন;

☐ পিসিআর তথ্য পর্যালোচনা;

☐ কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

☐ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৫. **মনিটরিং:** পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আইএমইডি কর্তৃক মাসিক পর্যালোচনা সভার মাধ্যমে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করা হয়েছে। তাছাড়া প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটি কর্তৃক প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি মনিটরিং করা হয়েছে।

১৬. **প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে পরিদর্শনঃ** পরিকল্পনা কমিশন, আইএমইডি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর উর্ধ্বতন কর্মকর্তাগণ সময়ে সময়ে মাঠ পর্যায়ে ভ্রমণপূর্বক প্রকল্পের কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেন।

১৭. **মূল্যায়ন পদ্ধতিঃ** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

১৭.১ টেকনিক্যাল ও ওয়ার্কিং কমিটি গঠনপূর্বক একাধিক সভায় প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করা হয়েছে।

১৭.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রম এবং অগ্রগতি উপস্থাপন করা হয়েছে।

১৮. পিআইসি/স্টিয়ারিং কমিটির সভাঃ

১৮.১ পিআইসি: ২টি সভা।

ক্রমিক নং	সভার নাম	সভার তারিখ
১	পিআইসি কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়	১৩-১২-২০১৮
২	পিআইসি কমিটির দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়	০৯-০৬-২০২০

১৮.২ স্টিয়ারিং: ৬টি সভা।

ক্রমিক নং	সভার নাম	সভার তারিখ
১	স্টিয়ারিং কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়	২৭-০৬-২০১৮
২	স্টিয়ারিং কমিটির দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়	১১-১২-২০১৮
৩	স্টিয়ারিং কমিটির তৃতীয় সভা অনুষ্ঠিত হয়	১৮-০২-২০১৯
৪	স্টিয়ারিং কমিটির চতুর্থ সভা অনুষ্ঠিত হয়	২৪-০৭-২০১৯
৫	স্টিয়ারিং কমিটির পঞ্চম সভা অনুষ্ঠিত হয়	৩০-১২-২০১৯
৬	স্টিয়ারিং কমিটির ষষ্ঠ সভা অনুষ্ঠিত হয়	০৭-০৬-২০২০

১৯. **প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন অবস্থা পর্যক্ষেণ ও পর্যালোচনা:**

গত ০৩/০১/২০২১ তারিখে এ বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর পরিচালক কর্তৃক আলোচ্য প্রকল্পের প্রধান কার্যালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৯.১ **ডাটা কনভারশন:** পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী ১৯৭৪ হতে ১৯৯৯ সাল পর্যন্ত বিবিএস এর শুমারি ও জরিপের ডাটার ৮৬০০ টি সংরক্ষিত টেপ হতে EBCDIC থেকে ASCII Format-এ ডাটা কনভার্ট করা হয়েছে। কিন্তু ২০০০ সাল পরবর্তী ডাটাসমূহের অন্তর্ভুক্তি বিষয়ে কোন নির্দেশনা দেখা যায়নি;

১৯.২ **Metadata তৈরী:** পুনরুদ্ধারকৃত ১৮৯টি unstructured ডাটার উপর মেটাডাটা প্রস্তুত করা হয়েছে। তার মধ্যে ৫২টি সেন্সাস, ১২৯টি সার্ভে, ১টি টাইম সিরিজস এবং ৭টি জিওকোড রয়েছে। বর্তমানে ১১৩টি ডাটাসেট কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে অংশিজনদের নিকট সরবরাহ করা যাবে। Data set upload-এর কাজ বিবিএস এর মাধ্যমে চলমান থাকবে মর্মে জানা গেছে;

১৯.৩ **সফ্‌টওয়ার প্রণয়ন:** Census & Survey Metabase (Metadata+Database = Metabase) এপ্লিকেশন ও ওরাকল ডাটাবেইজসহ একটি আধুনিক সফ্‌টওয়ার তৈরী করা হয়েছে।"data.bbs.gov.bd" পোর্টাল নামে বিবিএস domain এ সচল আছে। স্বাধীনতার পর হতে ১৯৯৯ সাল পর্যন্ত মাইক্রো ডাটাসেট, মেটাডাটা ও ডকুমেন্টগুলি ডাটবেজ-এ সংরক্ষণ করে ব্রাউজিং সুবিধা সিস্টেমে দেওয়া আছে;

১৯.৪ **যশোর জেলায় ডাটা প্রিজারভেশন সেন্টার স্থাপনঃ** প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী ভূমিকম্প মুক্ত এলাকা হিসেবে পরিচিত যশোর জেলায় বৈজ্ঞানিক পদ্ধতিতে C3.S.P.E.A.R ডাটা প্রিজারভেশন সেন্টার স্থাপন করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডাটা সেন্টারের সাথে যশোর প্রিজারভেশন সেন্টারে Point to Point (P2P) সংযোগ স্থাপন করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রধান কার্যালয় হতে যশোর কার্যালয়ে ডাটা সরবরাহ করার পদ্ধতি ও সেখান থেকে প্রয়োজনীয় ডাটা কিভাবে পাওয়া যাবে তা প্রকল্প পরিদর্শনকালে পর্যবেক্ষণ করা হয়েছে এবং প্রিজারভেশন সেন্টারটি সঠিকভাবে চলমান অবস্থায় দেখা গেছে। যশোর জেলা পরিসংখ্যান অফিসে স্থাপিত ডাটা প্রিজারভেশন সেন্টারটি প্রকল্প সমাপ্ত শেষে রক্ষণাবেক্ষন ও প্রকল্পের মাধ্যমে সম্পাদিত অন্যান্য কার্যক্রম বজায় রাখার ব্যাপারে কোন সুস্পষ্ট নির্দেশনা পাওয়া যায়নি;

১৯.৫ **Time series data:** সেন্সাস / সার্ভের time series data তৈরীর কাজে সফ্‌টওয়ার ডিজাইন ও ডাটাবেইজ সম্পন্ন হয়েছে। সেন্সাস/সার্ভের time series data তৈরীর কাজ প্রকল্প সমাপ্তির পর বিবিএস এর computer wing-এর দৈনন্দিন কাজ হিসেবে চলমান থাকবে মর্মে জানা গেছে;

১৯.৬ **ডিজিটাল LED Display:** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ভবনের সামনে ১৬ ফুট x ১৬ ফুট মাপের আউটডোর ডিজিটাল LED Display (বাংলাদেশ, ও ওয়ার্ল্ড পপুলেশন ক্লক প্রদর্শন) স্থাপন করা হয়েছে। পরিদর্শনকালিন সময়ে ভবনের সামনে ডিজিটাল স্থাপিত LED Display চলমান অবস্থায় দেখা গেছে। প্রকল্প সমাপ্তির পর ডিজিটাল LED Display নষ্ট হয়ে গেলে রক্ষণাবেক্ষণের বিষয়ে প্রকল্প অফিস থেকে কোন সদুত্তর পাওয়া যায়নি;

চিত্র



চিত্র: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ভবনের সামনে ডিজিটাল LED Display (বাংলাদেশ, ও ওয়ার্ল্ড পপুলেশন ক্লক প্রদর্শন) স্থাপন করা হয়েছে।



চিত্রেঃ ১৯৭৪ সাল হতে ১৯৯০ সাল পর্যন্ত বিবিএস এর সংগৃহিত ডাটা টেপসমূহ।

১৯.৭ **স্থানীয় প্রশিক্ষণ:** ডিপিপি অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর ১২৫ জন কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রস্তুতকৃত সফটওয়ারগুলি পরিচালনা ও ব্যবহারের জন্য স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরিসংখ্যানগত তথ্য উপাত্ত (মাইক্রোডাটা ও মেটাডাটা) এনালাইসিস এর জন্য প্রশিক্ষণের ধারাবাহিকতা বজায় রাখা প্রয়োজন;

১৯.৮ **এক্সটার্নাল অডিট:** প্রকল্পের ২০১৮-১৯ অর্থবছরে এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়েছে মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এ উল্লেখ করা হয়েছে। পরিদর্শনকালে অডিট প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, আপ্যায়ন বাবদ ৫৫,৪০০.০০ ও ৭৯,৯৫৮.০০ টাকা, সম্মানী ভাতা বাবদ ৬৯,০০০.০০ টাকা , ব্যাগ ক্রয় বাবদ ৭২,০০০.০০ টাকা আপত্তি দেওয়া হয়েছে। নথি যাচাইকালে অডিটে উত্থাপিত আপত্তিসমূহের নিষ্পত্তির জন্য বাস্তবায়নকারী সংস্থা হতে জবাব দেওয়া হয়েছে (কপি সংযুক্ত)। অডিট আপত্তিগুলি নিষ্পত্তির জন্য অডিট অফিসে যোগাযোগ অব্যহত রাখতে হবে।

২০.০ **সুপারিশঃ উল্লিখিত পর্যালোচনার ভিত্তিতে নিম্নবর্ণিত মতামত/সুপারিশ প্রদান করা হলো:**

২০.১ আলোচ্য প্রকল্পের উল্লিখিত কার্যক্রমসমূহ টেকসই করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার উইং-এর একটি নিয়মিত কাজ হিসেবে অন্তর্ভুক্ত করা সমীচীন হবে। প্রয়োজনবোধে প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে কম্পিউটার উইং-এ একটি সেল গঠন করা যেতে পারে। এতে করে কর্মকর্তাগণ প্রকল্পের আওতায় প্রাপ্ত প্রশিক্ষণ কাজে লাগিয়ে দক্ষ জনশক্তি হিসেবে ভূমিকা পালন করতে সক্ষম হবে মর্মে আশা করা যায়;

২০.২ Mainframe প্রযুক্তি থেকে বর্তমান ব্যবহার বান্ধব প্রযুক্তিতে ডাটা কনভার্ট করা হয়েছে। এটি একটি যুগান্তকারী পদক্ষেপ তবে ভবিষ্যতের (upcoming) প্রযুক্তিতে যেন এ সকল তথ্য উপাত্ত মাইগ্রেশন করে ব্যবহার বান্ধব করা যায়, এ বিষয়টি বিবিএস এর পরিকল্পনার মধ্যে রাখতে হবে;

২০.৩ প্রকল্পের মাধ্যমে মেটাবেজ সফ্টওয়ারে শুধুমাত্র ১৯৭৪ সাল হতে ১৯৯৯ সাল পর্যন্ত ডাটা অন্তর্ভুক্তি আছে। ২০০০ সাল পরবর্তী ডাটাসমূহ অবশ্যই বিবিএস data portal-এ অন্তর্ভুক্ত করা উচিত। তাই ঐ কাজে বিবিএস থেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে;

২০.৪ প্রকল্পের সুফল নিশ্চিত করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ভবনের সামনে স্থাপিত ডিজিটাল LED Display ও যশোর জেলা পরিসংখ্যান অফিসে স্থাপিত ডাটা প্রিজারভেশন সেন্টারটি নিজস্ব জনবল দ্বারা রাজস্ব বাজেটের মাধ্যমে রক্ষণাবেক্ষন ও পরিচালনা করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

২০.৫ আলোচ্য প্রকল্প থেকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে আইটি বিষয়ক দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নাধীনকালে বর্ণিত প্রশিক্ষণ বিষয়ে যে সকল ডকুমেন্টেশন প্রণয়ন করা হয়েছে তা যথাযথভাবে সংরক্ষণ করা আবশ্যক; পরিসংখ্যানগত তথ্য উপাত্ত (মাইক্রোডাটা ও মেটাডাটা) এনালাইসিস এর জন্য প্রশিক্ষণের বিকল্প নেই। তাই আইটি বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণের ধারাবাহিকতা চলমান রাখা যেতে পারে;

২০.৬ প্রকল্পের উপর ২০১৮-১৯ অর্থবছরে পরিচালিত এক্সটার্নাল অডিটে উত্থাপিত আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করার যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং আপত্তিসমূহ নিষ্পত্তির পর আইএমইডিকে অবশ্যই অবহিত করতে হবে;

২০.৭ ২০.১-২০.৬ এ বর্ণিত বিষয়য়াদি সম্পর্কে আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অহিত করতে হবে।